

Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 17 May, 2025

নোয়াখালীর কোম্পানীগঞ্জে বস্তাবন্দি একটি কুকুরের লাশ উদ্ধার নিয়ে তোলপাড় সৃষ্টি হয়েছে।

শনিবার (১৭ মে) দুপুর ১২টার দিকে উপজেলার চরএলাহী ইউনিয়নের ৪নম্বর ওয়ার্ডের দক্ষিণ চৌরাস্তার পূর্ব পাশের একটি পুকুর থেকে কুকুরের এ লাশ উদ্ধার করা হয়।

স্থানীয় সূত্রে জানা যায়, সকাল ১০টার দিকে এক নারী চরএলাহী ইউনিয়নের ৪নম্বর ওয়ার্ডের দক্ষিণ চৌরাস্তার পূর্ব পাশে প্রজেক্টের একটি পুকুরে বড়শি দিয়ে মাছ ধরতে যায়। তখন ওই নারী পুকুরে বস্তাবন্দি অবস্থায় দুর্গন্ধময় একটি বস্তু পড়ে থাকতে দেখে। একই পুকুর পাড়ে পড়ে ছিল এক জোড়া জুতা। তাৎক্ষণিক পুকুরে বস্তাবন্দি মানুষের লাশ পড়ে থাকার গুঞ্জন ছড়িয়ে পড়ে। এরপর স্থানীয় দেশত্যাগিক নারী-পুরুষ সেখানে ভিড় করে। একপর্যায়ে দুপুর সাড়ে ১২টার দিকে পুলিশ ঘটনাস্থল থেকে বস্তুটি উদ্ধার করে দেখেন ভিতরে একটি মৃত কুকুর।

কোম্পানীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গাজী মুহাম্মদ ফৌজুল আজিম বলেন, গন্ধ ছড়ানোর কারণে মানুষের লাশ মনে করা হয়। স্থানীয়দের খবরের ভিত্তিতে পুলিশ ঘটনাস্থলে যায়। বস্তু খুলে দেখা যায় ভিতরে একটি মৃত কুকুর ছিল। কে বা কাহারো কুকুরকে মেরে বস্তাবন্দি করে লাশ পুকুরে পেলে যায়।

নোয়াখালী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 01:20

URL: <https://www.timestodaybd.com/across-the-country/2587775807>